

পত্র নং-৩৩.০০.০০০০.১০৮.৯৯.০৩০.১৮.৮৪৪


তারিখঃ ০২ শ্রাবণ ১৪২৬
১৭ জুলাই ২০১৯

অফিস আদেশ

“জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৯” এর উদ্বোধনী অনুষ্ঠান আগামী ১৮/০৭/২০১৯ তারিখ সকাল ১০:০০ টায় কৃষিবিদ ইনস্টিটিউট বাংলাদেশ (কেআইবি), কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বর্ণিত উদ্বোধনী অনুষ্ঠানকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে অদ্য ১৭/০৭/২০১৯ তারিখ বিকাল ০৫:০০ টায় উল্লিখিত স্থানে মহড়া অনুষ্ঠিত হবে।

০২। আগামী ১৮/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠেয় “জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৯” এর উদ্বোধনী অনুষ্ঠানের দায়িত্ব পালনের জন্য মৎস্য-২ অধিশাখা হতে ১৬/০৭/২০১৯ তারিখের পত্রের মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করা হয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাকে অদ্য ১৭/০৭/২০১৯ তারিখ বিকাল ০৫:০০ টায় কৃষিবিদ ইনস্টিটিউট বাংলাদেশ (কেআইবি), কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকায় মহড়া অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে আগামী ১৮/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠেয় উদ্বোধনী অনুষ্ঠানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সকাল ০৮:০০ টার মধ্যে উপস্থিত থাকার জন্যও অনুরোধ করা হলো।


(মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব
ফোনঃ ৯৫৪৬৪৮০

ই-মেইলঃ dsmofla@gmail.com

বিতরণ/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৩। উপসচিব (সকল)/উপপ্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট/সিনিয়র সহকারী সচিব(সকল)/সিনিয়র সহকারী প্রধান (সকল)/সিনিয়র তথ্য অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৫। প্রোগ্রামার/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

পত্র নং-৩৩.০০.০০০০.১০৮.৯৯.০৩০.১৮.৮৪৪

তারিখঃ ০২ শ্রাবণ ১৪২৬
১৭ জুলাই ২০১৯

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। অফিস কপি।

(মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব